

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদ-২০২৩ নির্বাচনে পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. মো. মিজানুর রহমান সভাপতি নির্বাচিত হয়েছেন। যন্ত্রকৌশল বিভাগের অধ্যাপক ড. এ কে এম মঞ্জুর মোরশেদ সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

মঙ্গলবার এ নির্বাচন অনুষ্ঠিত হয় এবং রাতেই ফলাফল প্রকাশ করা হয়। বুধবার বুয়েটের জনসংযোগ দপ্তরের এক বিজ্ঞপ্তিতে ফলাফল জানানো হয়। নির্বাচনে সভাপতি ও সাধারণ সম্পাদক পদে দুইজন করে প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। ১৩টি পদে মোট ৪৪৭ জন ভোটারের মধ্যে ভোট দিয়েছেন ৩৭৩ জন।

সহ-সভাপতি পদে বিজয়ী হয়েছেন তড়িৎ ও ইলেক্ট্রনিক কৌশল বিভাগের অধ্যাপক ড. ফারসীম মান্নান মোহাম্মদী, কোষাধ্যক্ষ পদে পুরকৌশল বিভাগের ড. রূপক মুৎসুদ্দী, যুগ্ম-সম্পাদক পদে কেমিকৌশল বিভাগের ড. ইফতেখার আহমদ খান, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় স্থাপত্য বিভাগের নায়না তাবাসসুম ও আপ্যায়ন সম্পাদক পদে সি.এস.ই বিভাগের মো. রায়হান রাশেদ নির্বাচিত হন।

এছাড়া ছয়জন সদস্য নির্বাচিত হয়েছেন। তারা হলেন; পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. তানভীর আহমেদ, সি.এস.ই বিভাগের অধ্যাপক ড. রিফাত শাহরিয়ার, পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. নাসরীন আক্তার, গণিত বিভাগের অধ্যাপক ড. সালমা পারভিন, আই পি ই বিভাগের অধ্যাপক ড. ফেরদৌস সারোয়ার ও স্থাপত্য বিভাগের অধ্যাপক ড. ফরিদা নিলুফার।

প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. রাকিব আহসান।